

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র
সাভার, ঢাকা
(পিপিআর শাখা)

বিষয়: গভর্নেন্স ইনোভেশন ইউনিট ও হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ের এশ সেন্টার পরিচালিত টিওটি কোর্সের প্রস্তুতি সভার কার্যবিবরণী।

সভাপতি: জনাব মোঃ আশরাফ উদ্দিন, রেস্তুর

তারিখ: ২৯ মে ২০২৩

সময়: বেলা ১২টা

স্থান: কক্ষ নং ২০৬, আইটিসি

(উপস্থিতির তালিকা নথিতে সংরক্ষিত)

উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ হয়। শুরুতে রেস্তুর, বিপিএটিসি সভাকে অবহিত করেন যে, আগামী ১৬ জুলাই ২০২৩ তারিখে বিপিএটিসিতে প্রধানমন্ত্রীর কার্যালয়ের অধীন গভর্নেন্স ইনোভেশন ইউনিট (জিআইইউ) সাথে হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ের কেনেডি স্কুলের অধীন এশ সেন্টারের সম্পাদিত সমঝোতা চুক্তির আওতায় সিভিল সার্ভিসের সদস্যদের দক্ষ প্রশিক্ষক হিসেবে গড়ে তোলার উদ্দেশ্যে প্রশিক্ষক প্রশিক্ষণ (টিওটি) আয়োজিত হবে। এই প্রশিক্ষণ সুষ্ঠুভাবে আয়োজনের জন্যে জিআইইউ হতে অনুরোধ জানানো হয়েছে। সে প্রেক্ষিতে সামগ্রিক প্রস্তুতি গ্রহণের লক্ষ্য বর্তমান সভাটি আহ্বান করা হয়েছে। এরপর সভাপতি পরিচালক (পিপিআর)-কে চেকলিস্ট উপস্থাপনের অনুরোধ জানান এবং তদনুযায়ী আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

সিদ্ধান্ত ০১ : একাধিক ব্যাচে আয়োজিত টিওটি-র যাবতীয় খরচ কেন্দ্রের প্রশিক্ষণ ব্যয়খাত থেকে নির্বাহের জন্য GIU থেকে মৌখিকভাবে জানিয়েছেন। এক্ষেত্রে, কেন্দ্রের বাজেট থেকে এ বাবদ ব্যয়ের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে নির্দেশনা পাওয়া গেলে কেন্দ্র ব্যয় নির্বাহ করবে।

সিদ্ধান্ত ০২ : প্রশিক্ষণ চলাকালে হার্ভার্ড বিশ্ববিদ্যালয় থেকে আগত শিক্ষকবৃন্দ, জিআইইউ ও জনপ্রশাসন মন্ত্রণালয়ের কর্মকর্তাবৃন্দ আইটিসির ডরমিটরিতে এবং প্রশিক্ষণার্থীগণ নবনির্মিত ১৫-তলা ডর্মে অবস্থান করবেন।

সিদ্ধান্ত ০৩ : প্রশিক্ষণের জন্যে দুটি শ্রেনীকক্ষ সার্বক্ষণিক প্রস্তুত রাখতে হবে। এক্ষেত্রে, দুটি লেকচার থিয়েটার এবং অন্যথায়, আইটিসির ২০৫ ও ২০৬ নং কক্ষ দুটি ব্যবহার করতে হবে।

সিদ্ধান্ত ০৪ : শ্রেনীকক্ষে ইন্টারনেট, জুম কানেকশন, প্রিন্টিং সুবিধাসহ ক্লাস পরিচালনার সকল উপকরণ রাখতে হবে।


সিদ্ধান্ত ০৫ : ক্লাসরুমে সহযোগিতার জন্যে ক্লাসরুম এটেন্টডেন্ট নিয়োজিত করতে হবে। এছাড়া, হার্ভার্ড শিক্ষক ও প্রশিক্ষণার্থীদের সুবিধার্থে প্রয়োজনীয় সংখ্যক রুম বেয়ারার নিযুক্ত করতে হবে।

সিদ্ধান্ত ০৬ : প্রশিক্ষণ চলাকালে বিদেশি অতিথিদের খাদ্যাভাস বিবেচনায় মানসম্মত খাবার পরিবেশনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০২

- সিদ্ধান্ত ০৭ : আইটিসিতে হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণ যে ফ্লোরে অবস্থান করবেন সেখানে নিরাপত্তার স্বার্থে আনসার সদস্যদের মোতায়েন করতে হবে।
- সিদ্ধান্ত ০৮ : টিওটি প্রশিক্ষণ চলাকালে আইটিসির এক্সিকিউটিভ ডাইনিং রুমে খাবার পরিবেশনের ব্যবস্থা রাখতে হবে।
- সিদ্ধান্ত ০৯ : বিদেশী অতিথিদের ব্যবহারের জন্যে কেন্দ্রের সুইমিং পুল, জিমনেসিয়াম ও ইনডোর গেমস সুবিধাদি প্রস্তুত রাখতে হবে।
- সিদ্ধান্ত ১০ : কেন্দ্রে ল্যাপটপের অপরিপূর্ণতা থাকায় প্রশিক্ষণার্থীদের নিজেদের ল্যাপটপসহ কেন্দ্রে আসার জন্যে অনুরোধ জানানো হবে।
- সিদ্ধান্ত ১১ : প্রশিক্ষণের শেষদিনে বিদেশি অতিথিদের সম্মানে একটি সাংস্কৃতিক অনুষ্ঠান এবং প্রশিক্ষণ চলাকালে একটি ডিনার নিকটবর্তী কোন স্থানে (ব্র্যাক সিডিএম/গলফ ক্লাব) আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- সিদ্ধান্ত ১২ : টিওটি প্রশিক্ষণে কেন্দ্রের নিজস্ব অনুযায়ী সদস্যদের অংশগ্রহণের লক্ষ্যে জিআইইউ-র নির্দেশনা মোতাবেক অনুযায়ী নির্বাচন করতে হবে।
- সিদ্ধান্ত ১৩ : কেন্দ্রের পিপিআর শাখা হতে টিওটি কোর্সটি সমন্বয় করা হবে।

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত করেন।



(মোঃ আশরাফ উদ্দিন)
রেস্টুর

নং:০৫.০১.২৬৭২.১৩৩.২৫.১৪৯.২৩. ৩৬২

তারিখ: ২৯ মে ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ০১। সকল এমডিএস, বিপিএটিসি, সাভার, ঢাকা।
০২। পরিচালক (প্রশাসন/মূল্যায়ন/এলটিএ)/সিস্টেম এনালিস্ট, বিপিএটিসি, সাভার, ঢাকা
০৩। উপপরিচালক (পিপিআর/সেবা/প্রশাসন)/রেস্টুরের একান্ত সচিব, বিপিএটিসি, সাভার, ঢাকা
০৪। অফিস কপি।


(হাসান মুর্তাজা মাসুম)
পরিচালক (পিপিআর)